

গণ প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা অফিসারের কার্যালয়
পাংশা, রাজবাড়ী।

সমাজকল্যাণ বিষয়ক স্থায়ী কমিটির কার্যবিবরণী

সভাপতি : জনাব রোকেয়া বেগম, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, পাংশা, রাজবাড়ী

সভার স্থান : উপজেলা পরিষদ মহিলা ভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষ।

সভার তারিখ : ১২/১১/২০২১ খ্রিঃ,

সময় : সকাল ১০.০০ ঘটিকায়।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট-‘ক’

সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতপর উপজেলা সমাজসেবা অফিসার ও সদস্য সচিব কে পাংশা উপজেলায় সমাজকল্যাণ বিষয়ক আর্থসামাজিক কার্যক্রম গ্রহণের জন্য নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

সভাপতি জানান যে, হিজড়া জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচির জন্য প্রকল্প বাস্তবায়ন করতে হবে। তাছাড়া মানসিক প্রতিবন্ধী ব্যক্তিদের ও ক্যান্সার, কিডনী ও লিভার সিরোসিস আক্রান্ত রোগীর আর্থিক সহায়তা প্রদানের জন্য উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণের জন্য উপজেলা সমাজসেবা অফিসার, পাংশা নির্দেশনা প্রদান করেন।

এসিডদক্ষ ও প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসন এবং বেসরকারি এতিমখানা সমূহের ক্যাপিটেশন গ্র্যান্ট ও মুক্তিযোদ্ধা সম্মানি ভাতা এবং বয়স্ক ভাতার ও বিধবা ও স্বামী পরিত্যক্তা অসহায় দুঃস্থ মহিলা ভাতা প্রদান এবং প্রতিবন্ধী শিক্ষার্থীদের শিক্ষা উপবৃত্তি কার্যক্রম সৃষ্টি ও সুন্দর ভাবে বাস্তবায়ন করতে হবে।

তিনি আও জানান যে, প্রতিবন্ধী শনাক্তকরণ জরিপ, ধরন ও মাত্রা নিরূপন এবং সনদ ও পরিচয়পত্র প্রদানের ক্ষেত্রে বিশেষ গুরুত্ব দিতে হবে এবং আরও জানান যে, শারীরিক প্রতিবন্ধী ব্যক্তিদের বৃত্তিমূলক প্রশিক্ষণ, কর্মসংস্থানের পুনর্বাসন জোরদার করতে হবে।

সিদ্ধান্ত: বিধি মোতাবেক সকল কার্যক্রম বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।




(রোকেয়া বেগম)

মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, পাংশা।
তারিখঃ ১২/১১/২০২১

স্মারক নং-সমাজ সেবা/পাংশা/২০২১-৬২

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

- ১। জেলা প্রশাসক, রাজবাড়ী।
- ২। উপ-পরিচালক স্থানীয় সরকার, রাজবাড়ী।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাংশা।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, পাংশা, রাজবাড়ী।
- ৫। কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, পাংশা উপজেলা কমান্ড, পাংশা।
- ৬। চেয়ারম্যান.....ইউপি, পাংশা, রাজবাড়ী।



উপজেলা সমাজসেবা অফিসার
পাংশা, রাজবাড়ী।